দৈনিক খবর

তারিখ 19 OCT 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

35

# নিখোঁজ ৪ স্কুল ছাত্র সবাই ফিরে এসেছে

।। স্টাফ রিপোর্টার ।।

নিখোঁজ স্কুল ছাত্র শাহীন, মহিদুর, তুহিন ও ফরহাদ গতকাল সোমবার তাদের পিতামাতার কাছে ফিরে

২ এর পাতায় দেখুন

## নিখোঁজ ৪ স্কুল

প্রথম পৃষ্ঠার পর

এসেছে।

শাহীনের পিতা জানান, শাহীন নিখোঁজ হবার সঙ্গে সঙ্গে তিনি থানা পুলিশসহ নগরীর বিভিন্ন এলাকায় খোঁজ নেয়া শুরু করেন। একটি সূত্রে খবর পেয়ে নিখোঁজ তুহিনের বাসায় গিয়ে জানতে পারেন তুহিন আগেও একবার নিখোঁজ হয়ে ফরিদপুর গিয়েছিল। পরবর্তীতে ফরিদপুরে লোক পাঠানো হলে কোতোয়ালী থানার চরকমলাপুরে তুহিনের বন্ধু ইউনুসের চাচার বাড়ীতে ওদেরকে পাওয়া যায়।

গতকাল সোমবার সকাল ৯টায় তারা নিজ নিজ বাসায় চলে যায়। তুহিন কল্যাণপুরে থাকে। তার প্রতিবেশী বন্ধু ইউনুস। শাহীনের পিতা আরো জানায়, কেবলমাত্র দুঃসাহসিক নেশায় তারা নিখোঁজ

গত শনিবার সকালে শ্যামলী থেকে ১২/১৩ বছরের ঐ চার স্কুল ছাত্র নিখোঁজ হয়েছিল।

## পাকিস্তানে ডাকাত কর্তৃক ৪ জন অপহৃত

করাচী, ১৮ই নভেম্বর (রয়টার।– পাকিস্তানের দক্ষিণাঞ্চলে ডাকাতরা কয়েকটি পৃথক ঘটনায় একজন সেনা কর্মকর্তা, একজন পুলিশ ও চারজন গ্রামবাসীকে অপহরণ করেছে।